



লোকসভা ভোটের নিষিদ্ধ ঘোষণা

১৯ এপ্রিল থেকে ৭ দফায় ভোট, ফল ৪ জুন

নয়াদিল্লি, ১৬ মার্চ (হিস.) ॥ সাত দফায় হবে লোকসভা ভোট, দিনক্ষণ ঘোষণা করল নির্বাচন কমিশন, ভোট শুরু হবে ১৯ এপ্রিল, গণনা ৪ জুন। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার জানান, লোকসভা নির্বাচন সাত দফায় হবে। ১৯ এপ্রিল ভোট শুরু হবে। ৪ জুন গণনা হবে। রাজীব জানালেন, বিহার, গুজরাত, মহারাষ্ট্র, পশ্চিমবঙ্গ, কর্ণাটক, তামিলনাড়ুতে উপনির্বাচন হবে। লোকসভার সঙ্গেই সেই



উপনির্বাচন হবে। সিকিম, ওড়িশা, রাজ্যে বিধানসভা নির্বাচন হবে লোকসভার সঙ্গে। অন্ধ্রপ্রদেশ ও

ওড়িশায় ১৩ মে ভোট হবে, অরুণাচল প্রদেশ ও সিকিমে ১৯ এপ্রিল, ফল ঘোষণা হবে ৪ জুন। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব বলেছেন, "প্রথম দফায় ২১ রাজ্যে ভোট হবে। দ্বিতীয় দফার ভোট হবে ২৬ এপ্রিল। তৃতীয় দফার ভোট হবে ৩ মে। চতুর্থ দফার ভোট হবে ১৩ মে। পঞ্চম দফার ভোট হবে ২০ মে। ষষ্ঠ দফার ভোট হবে ২৫ মে। সপ্তম দফার ভোট হবে ১ জুন। ৪ জুন ভোটগণনা।"

শনিবার লোকসভা নির্বাচনের নিষিদ্ধ

স্বাগত জানালেন মোদী

নয়াদিল্লি, ১৬ মার্চ (হিস.) ॥ দেশে সাত দফায় লোকসভা নির্বাচনকে স্বাগত জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভোট ঘোষণার পরেই এজ (সাবেক টুইটার) হ্যান্ডলে পোস্ট করে নির্বাচন সম্পর্কে নিজের মতামত জানিয়েছেন তিনি। ভোট ঘোষণার পর মোদী লিখেছেন, "গণতন্ত্রের সবচেয়ে বড় উৎসব এসে গিয়েছে। নির্বাচন কমিশন ২০২৪ সালের লোকসভা নির্বাচনের দিন ঘোষণা করে দিয়েছে। আমরা বিজেপি-এনডিএ এই নির্বাচনের জন্য সম্পূর্ণ তৈরি। অতীত রেকর্ড, সুশাসন এবং পরিষেবার উপর

৩-৬ এর পাতায় দেখুন

লোকসভা নির্বাচন

পশ্চিমে ১৯ ও পূর্বে ২৬ এপ্রিল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ॥ ত্রিপুরায় দুইটি লোকসভা আসনে দুই দফায় সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে ১৯ এপ্রিল এবং পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ২৬ এপ্রিল ভোটগ্রহণ করা হবে। আজ নয়াদিল্লীতে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার লোকসভা নির্বাচনের নিষিদ্ধ ঘোষণা দিয়ে এই সংবাদ জানিয়েছেন। তিনি জানান, লোকসভা নির্বাচনের ফলাফল ৪ জুন ঘোষণা দেওয়া হবে। আজ নির্বাচন কমিশন জানিয়েছে, আগামী ২০ মার্চ পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে ভোটের বিস্তারিত জারি হবে। মনোনয়ন পত্র জমা দেওয়ার অন্তিম তারিখ ২৭ মার্চ নির্ধারিত হয়েছে। মনোনয়ন পত্র স্ক্রুটিনি ২৮ মার্চ এবং মনোনয়ন পত্র প্রত্যাহার ৩০ মার্চ স্থির হয়েছে। ভোট গ্রহণ ১৯ এপ্রিল এবং ফলাফল ৪ জুন ঘোষণা হবে। নির্বাচন কমিশন জানিয়েছে, ৬ জুনের মধ্যে উপনির্বাচনের সমস্ত প্রক্রিয়া সমাপ্ত করতে হবে।

এদিকে, আগামী ২৮ মার্চ পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ভোটের বিস্তারিত জারি হবে। মনোনয়ন পত্র জমা দেওয়ার অন্তিম তারিখ ৪ এপ্রিল নির্ধারিত হয়েছে। মনোনয়ন পত্র স্ক্রুটিনি ৫ এপ্রিল এবং মনোনয়ন পত্র প্রত্যাহার ৮ এপ্রিল স্থির হয়েছে। ভোট গ্রহণ ২৬ এপ্রিল এবং ফলাফল ৪ জুন মঙ্গলবার ঘোষণা হবে। নির্বাচন কমিশন জানিয়েছে, ৬ জুনের মধ্যে উপনির্বাচনের সমস্ত প্রক্রিয়া সমাপ্ত করতে হবে।

৩-৬ এর পাতায় দেখুন

নির্বাচন হিংসা ও রক্তক্ষয় হতে দেওয়া যাবে না : রাজীব কুমার

নয়াদিল্লি, ১৬ মার্চ (হিস.) ॥ নির্বাচনে হিংসা ও রক্তক্ষয় হতে দেওয়া যাবে না। জানিয়ে দিলেন মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার। একইসঙ্গে তিনি জানিয়েছেন, প্রয়োজন হলে কড়া পদক্ষেপ নেওয়া হবে। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার বলেন, "সুস্থ ভাবে নির্বাচন পরিচালনা করতে বেশ কিছু বাধা পেরোতে হবে কমিশনকে। তার জন্য অনেক কেন্দ্রীয় বাহিনী থাকবে, যারা ২৪ ঘণ্টা দায়িত্ব পালন করবেন। হিংসা বা রক্তক্ষয় হতে দেওয়া যাবে না।" তিনি জানান, কারও কোনও অভিযোগ থাকলে সঙ্গে সঙ্গে জানানো যাবে কমিশনকে। সঙ্গে সঙ্গে পদক্ষেপ করবে কমিশন।

জেলাশাসকদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। কোনও রকম অস্থায়ী এবং চুক্তিভিত্তিক কর্মীদের ভোটের দায়িত্বে রাখা যাবে না। সমস্ত রাজনৈতিক দল এবং প্রার্থীদের হিংসার বিষয়ে সাবধান থাকতে হবে। ভোটে যথেষ্ট ভাবে টাকা ব্যবহার করাও রদ করা হবে বলে জানালেন রাজীব। তিনি জানান, কয়েকটি রাজ্যে ভোটে টাকার ব্যবহার বেশি হয়। সেগুলির দিকে নজর রাখছে কমিশন। টাকার অপব্যবহার হতে দেওয়া যাবে না। এর জন্য কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার সঙ্গে কথা বলা হয়েছে। কোনও রকম উপটৌকন যাতে না দেওয়া হয়, সে দিকে নজর দিচ্ছে।

হয়েছে সংস্কার। সমস্ত বিমানবন্দরগুলির দিকেও নজর রাখা হচ্ছে।

রামনগর কেন্দ্রে উপনির্বাচন ১৯ এপ্রিল, ফল ৪ জুন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ॥ ত্রিপুরায় রামনগর কেন্দ্রে উপনির্বাচনের নিষিদ্ধ ঘোষণা হয়েছে। আজ নির্বাচন কমিশন লোকসভা ও বিধানসভার বিধানসভা ভোটের পামাপাশি উপনির্বাচনগুলিরও দিনক্ষণ ঘোষণা দিয়েছে। রামনগর কেন্দ্রে ১৯ এপ্রিল উপনির্বাচন অনুষ্ঠিত হবে। ফলাফল ৪ জুন ঘোষণা দেওয়া হবে। আজ নির্বাচন কমিশন জানিয়েছে, আগামী ২০ মার্চ বুধবার রামনগর কেন্দ্রের উপনির্বাচনে বিস্তারিত জারি হবে। মনোনয়ন পত্র জমা দেওয়ার অন্তিম তারিখ ২৭ মার্চ বুধবার নির্ধারিত হয়েছে। মনোনয়ন পত্র স্ক্রুটিনি ২৮ মার্চ বুধবার এবং মনোনয়ন পত্র প্রত্যাহার ৩০ মার্চ শনিবার স্থির হয়েছে। ভোট গ্রহণ ১৯ এপ্রিল শুক্রবার এবং ফলাফল ৪ জুন মঙ্গলবার ঘোষণা হবে। নির্বাচন কমিশন জানিয়েছে, ৬ জুনের মধ্যে উপনির্বাচনের সমস্ত প্রক্রিয়া সমাপ্ত করতে হবে।

রাজ্য নির্বাচন দপ্তরে

রাজনৈতিক দলের প্রতিনিধির নিয়ে বৈঠক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ॥ লোকসভার সাধারণ নির্বাচনের নিষিদ্ধ ঘোষণার পর আজ সন্ধ্যায় রাজ্য নির্বাচন দপ্তরে বিভিন্ন রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ভোটার তালিকা সম্পর্কিত বিভিন্ন তথ্য, আদর্শ নির্বাচনী আচরণবিধি নিয়ে আলোচনা করা হয়। তাছাড়াও ৭-রামনগর বিধানসভা আসনের উপনির্বাচন নিয়েও বৈঠকে বিস্তারিতভাবে আলোচনা হয়। বৈঠকে অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উস জেন মগ, অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক শুভাশিস বন্দ্যোপাধ্যায়, উপমুখ্য নির্বাচন আধিকারিক সুনম বণিক অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন। অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক এস বন্দ্যোপাধ্যায় এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

রাজধানীতে যুব মোর্চার র্যালি জমায়তে ২৩শে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ॥ আগামী ২৩ মার্চ রাজধানীতে যুব মোর্চার র্যালি ও যুব জমায়তে অনুষ্ঠিত হবে। আজ মুক্তধারা অভিনেত্রীর প্রযুক্তি বৈঠকের শেষে একথা বলেন যুব মোর্চার প্রদেশ সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব। এদিন শ্রী দেব বলেন, যুব জমায়তে থেকে বার্তা দিয়ে চায় যে রাজ্যের প্রত্যেক যুব সম্প্রদায় নরেন্দ্র মোদীর সাথে আছেন। আসন্ন লোকসভা নির্বাচনে ত্রিপুরার দুইটি আসনে জয়লাভ করে প্রধানমন্ত্রী উপহার দিয়ে চায়।

রাজ্যজুড়ে নিরাপত্তা বাহিনীর ফ্লেগমার্চ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ॥ আসন্ন লোকসভা নির্বাচনে যাতে কোনও প্রকার অপ্রতীকর্ষ ঘটনা না ঘটে ও লোকজনের বাতুল করে কোনও প্রকার ভয়ভীতি ছাড়া ভোট দান করতে পারে তার ইলেক্ট্রো শনিবার রাত্রিবেলায় শান্তির বাজার শহরে মহকুমা শাসকের উপস্থিতিতে অনুষ্ঠিত করা হয় ফ্লেগমার্চ। আরক্ষা কর্মী, বি এফ ও সি আর পি এফ জোনওয়ানের উপস্থিতিতে এই ফ্লেগমার্চ অনুষ্ঠিত করা হয়। ফ্লেগমার্চটি শান্তির বাজার মহকুমা শাসকের কার্যালয় থেকে শুরু হয়ে শান্তির বাজার থানা সংলগ্ন এলাকায় এসে সমাপ্ত হয়। আজকের এই ফ্লেগমার্চে উপস্থিত ছিলেন শান্তির বাজার মহকুমাশাসক অভ্যন্তরীণ বৈদ্য, শান্তির বাজার থানার ওসি সঞ্জীত লক্ষর, মনপাথর ফাঁড়ী থানার ওসি জয়ন্ত দাস সহ অন্যান্যরা। আজকের এই ফ্লেগমার্চ কর্মসূচী সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে জানানো শান্তির বাজার মহকুমাশাসক।

জনজাতিদের ভাবাবেগ নিয়ে কখনোই ভাবেনি বামেরা : বিপ্লব



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ॥ সিপিএম ত্রিপুরায় জনজাতিদের ভাবাবেগ নিয়ে কখনোই ভাবেনি। কেন্দ্রে এবং রাজ্যে বিজেপি নেতৃত্বে সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরই জনজাতিরা প্রকৃত অর্থে উপকৃত হচ্ছেন। আজ শনিবার আগরতলা টাউন হলে জনজাতি কার্যকর্তা সম্মেলন

অনুষ্ঠানে একথা বলেন পশ্চিম আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব। এদিন শ্রী দেব সিপিএমের রাজ্য সম্পাদক তথা জিতেন্দ্র চৌধুরীকে একহাত নিয়েছেন। তাঁর তীব্র কটাক্ষ, জিতেন্দ্র চৌধুরীর কমন সেন্স পর্যন্ত নেই। তিনি কখনো রাজ্যের জনজাতিদের সম্মান করতেন না। তিনি জনজাতিদের সবসময় আদিবাসী বলতেন। তাঁর কথায়, বিগত সরকারের শাসনকালে ত্রিপুরার জনজাতিদের কখনো সম্মান করা হত না। কিন্তু কেন্দ্র ও রাজ্যে বিজেপি নেতৃত্ব সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরই জনজাতিরা প্রকৃত অর্থে উপকৃত হচ্ছেন। জনজাতিদের সঠিক সম্মান করা হচ্ছে। জনজাতিদের উন্নয়নে বাজেটে অধিক অর্থ বরাদ্দ করা হয়েছে তাঁর দাবি, বিজেপি নেতৃত্ব সরকার জনজাতিদের উন্নয়নে নিরলস কাজ করে যাচ্ছে।

জাতীয় টিকাকরণ দিবস সচেতনতা বাড়াতে জোর রাজ্যপালের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ॥ আজ রাজ্যভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নান্দু জাতীয় টিকাকরণ দিবস-২০২৪ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সহায়তায় রাজ্যভবনে এই অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল টিকাকরণের প্রয়োজনীয়তা নিয়ে বক্তব্য রাখেন। রাজ্যপাল বলেন, সাময়িক টিকাকরণ গুরুত্বপূর্ণ পোলিও, বসন্ত ইত্যাদি রোগে অনেকের জীবনহানি হতো। স্বাস্থ্যকর্মীগণ বর্তমানে বর্ষব্যাপী নিরলসভাবে সাধারণ মানুষের স্বাস্থ্য সুরক্ষায় কাজ করে চলেছে। অনুষ্ঠানে টিকাকরণের মাধ্যমে সুরক্ষিত থাকার উপর রাজ্যপাল গুরুত্ব বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা



জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ রঞ্জন বিশ্বাস। উপস্থিত ছিলেন রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক, জেলা টিকাকরণ আধিকারিক ডাঃ দ্বিতীতা গুহ, রাজ্যভবনের দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্য আধিকারিক ডাঃ অলান দত্ত।

নাশকতার আঙুনে পুড়ল গাড়ি ও স্কুটি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ॥ নাশকতার আঙুনে পুড়ে ছাই গাড়ি ও স্কুটি। গতকাল রাতে কমলপুর পশ্চিম হালহালি এলাকার বাসিন্দা কেশব নম: গাড়ি ও স্কুটোতে দগ্ধকারীরা আঙুন লাগিয়ে দিয়েছেন। ঘটনায় গোট্টা এলাকায় তীব্র আতঙ্ক বিরাজ করছে। ঘটনার বিবরণ জানা গিয়েছে, গতকাল রাত অনুমানিক ১টা নাগাদ প্রতিবেশীরা হঠাৎ গাড়িতে আঙুন লাগার দৃশ্য দেখতে পেয়ে চিংকার চেষ্টা করেছিলেন। তাঁদের চিংকার চেষ্টা শুনে ঘটনাস্থলে ছুটে গিয়েছে গাড়ির মালিক ও পরিবারের সদস্যরা। পরিবারে

যান দুর্ঘটনায় গুরুতর আহত বিধায়ক পিনাকী সহ ৩

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ॥ যান দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন ভারতীয় জনতা পার্টির খোয়াই জেলার সভাপতি তথা কল্যাণপুরের বিধায়ক পিনাকী দাস চৌধুরী। দুইটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে আহত হয়েছেন আরও তিনজন। এদিকে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা শ্রী চৌধুরী ও অন্যান্যদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। জানা গিয়েছে, আজ দুপুরে কল্যাণপুর থেকে আগরতলা আসার পথে চম্পক নগর রাম সাধু পাড়ায় দুইটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে গুরুতর আহত হয়েছেন ভারতীয় জনতা পার্টির খোয়াই জেলার সভাপতি তথা কল্যাণপুরের বিধায়ক পিনাকী দাস চৌধুরী সহ আরও তিনজন। বিধায়ক সহ অনেকেই মাথা ফেঁটে গিয়েছে। দুর্ঘটনায় বিধায়কের গাড়িটি দুমড়ে উচ্চের যায়। সাথে সাথে তাঁদেরকে উদ্ধার করে জিবি হাসপাতালে পাঠানো হয়েছে। বর্তমানে আহতরা হাসপাতালে চিকিৎসাধীন আছেন। দুর্ঘটনার সংবাদ প্রকাশ্যে আসতেই মুখ্যমন্ত্রী নিজ সামাজিক মাধ্যমে শ্রী চৌধুরী ও অন্যান্যদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।



জিবি হাসপাতালে চিকিৎসাধীন বিধায়ক পিনাকী দাস চৌধুরীকে দেখতে জিবি হাসপাতালে গেলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা, প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, প্রাক্তন মুখ্যমন্ত্রী, সাংসদ তথা পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের প্রার্থী বিপ্লব কুমার দেব সহ অন্যান্য নেতৃত্বারা। তারা আহত বিধায়কের শারীরিক অবস্থার খোজ নেন এবং তার দ্রুত আরোগ্য কামনা করেন।

সিপিএমের শাসনকালে জনজাতিদের জেলে বন্দি করা হয়েছিল : প্রদ্যোৎ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৬ মার্চ ॥ সিপিএমের শাসনকালে জনজাতিদের জেলে বন্দি করা হয়েছিল। কারণ, বিধানসভা নির্বাচনে আইপিএফটি ও কংগ্রেসকে ভোট দেওয়া তাঁদের অপরাধ ছিল। আজ রাজ্যে সেই বামগ্রন্থের জোট হয়েছে। আজ শনিবার আগরতলা টাউন হলে জনজাতি কার্যকর্তা সম্মেলন অনুষ্ঠানে সিপিএম ও কংগ্রেসের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগড়ে দিলেন ত্রিপুরা মথার প্রাক্তন সূপ্রিমো প্রদ্যোৎ কিশোর দেববর্ম। সারা দেশে সিপিএম জনজাতিদের



বামগ্রন্থের কোন অস্তিত্ব নেই। তারা কখনো ক্ষমতায় বসতে পারবে না। জনজাতিদের যারা বিস্বাস্ত করার চেষ্টা করছেন তাঁদের রাজনীতিই হল বিস্বাস্ত করার। এদিন তিনি জনজাতিদের উদ্দেশ্যে বার্তা দিয়ে বলেন, আমাদের আধিকারের জন্য কংগ্রেসর কার ভাবছে। শুধু লোকসভা নির্বাচনে বিজেপিকে বিপুল ভোট জয়লাভ করতে হবে। তাঁর কটাক্ষ, ত্রিপুরায় ২৫ বছর ধরে ৩-৬ এর পাতায় দেখুন

হরেকরকম হরেকরকম হরেকরকম

ব্যথার উপশমে কাপিং থেরাপি

উপড় হয়ে শুয়ে আছেন বাংলার জনপ্রিয় এক তারকা। তাঁর পিঠের উপরে বসানো রয়েছে ছোট ছোট কাপের আকৃতির কয়েকটি কাচের পাত্র। সম্প্রতি এমনই একটি ছবি ঘুরছিল সমাজমাধ্যমে। স্বাভাবিক ভাবেই ওই সব কাচের পাত্রগুলি কী এবং সেগুলি কেন পিঠে বসানো, তা নিয়ে কৌতূহল প্রকাশ করেছিলেন অনেকেই। ফিজিওথেরাপিস্টরা জানাচ্ছেন, দেহের কোনও অংশে এই ভাবে ছোট ছোট পাত্র বসানো আসলে এক ধরনের থেরাপির অঙ্গ। প্রাচীন চিন, ইজিপ্ট এবং মধ্য প্রাচ্যে এর চল ছিল। বর্তমানে এই কাপিং থেরাপি আবার জনপ্রিয় হচ্ছে।

কাপিংয়ের ব্যবহার ফিটনেস বিশেষজ্ঞ সৌমেন দাস জানাচ্ছেন, মূলত ব্যথা কমানোর জন্য এর ব্যবহার হয়। এ ছাড়া, দেহের কোনও অংশে শক্ত হয়ে থাকা পেশিতে রক্ত চলাচল বাড়িয়ে নমনীয়তা ফেরাতেও কাপিং উপযোগী। অ্যাকনে, একজিমার মতো ত্বকের সমস্যা, দেহে ইনফ্লেশন, ভারি কোজ ভেন থেকে উপশম মিলতে পারে এই পদ্ধতিতে। তা ছাড়া, এটির মাধ্যমে ডিপ টিসু মাসাজও সম্ভব।

কী ভাবে হয় কাপিং থেরাপি নাম থেকেই স্পষ্ট, এতে কাপের মতো পাত্রের ডুমিকাই প্রধান। এই কাপ হতে পারে বিভিন্ন আকারের। সাধারণত এগুলি কাচ, মাটি, ধাতু বা বাঁশের তৈরি হয়। মূলত কাপের মধ্যে শূন্যস্থান

(ভ্যাকুয়াম) তৈরি করে সেগুলি দেহের নির্দিষ্ট জায়গায় উল্টো করে বসিয়ে দেওয়া হয়। এর ফলে কাপগুলি চামড়ার সঙ্গে এঁটে বসে যায়। এই ভাবে সেগুলি রেখে দেওয়া হয় তিন-চার মিনিট। এর ফলে ওই অংশের শিরাগুলি ফুলে ওঠে, রক্ত চলাচল বাড়ে সেখানে। এর পরে কাপগুলি সরিয়ে নেওয়া হয়। প্রয়োজন বুঝে নির্দিষ্ট সংখ্যার কাপ ব্যবহার করেন থেরাপিস্ট। এ সব ক্ষেত্রে কাপের মধ্যে শূন্যস্থান তৈরি করতে আঙনের ব্যবহার করা হলেও আধুনিক পদ্ধতিতে অনেক সময়েই ব্যবহার করা হয় পাম্প কাপ। এতে যন্ত্রের সাহায্যে কাপের ভিতরের বাতাস বার করে নেওয়া হয়। এ ছাড়া, সিলিকন কাপের ব্যবহার করলে সেগুলি সহজেই ত্বকের উপর দিয়ে টেনে বিভিন্ন জায়গায় সরানো যায়। ডিপ টিসু মাসাজে এই পদ্ধতির ব্যবহার হয়। সৌমেন জানাচ্ছেন, এ ছাড়াও ওয়েট কাপিং নামে একটি পদ্ধতির চল রয়েছে। এতে কাপ বসানোর কিছু ক্ষণ পরে সেগুলি সরিয়ে নেওয়া হয়। এর পরে ফুলে ওঠা অংশে ধারালো কিছু দিয়ে অগভীর ভাবে কেটে সামান্য রক্ত বার করে নেওয়া হয়। মনে করা হয়, এতে দেহের ট্যানিন সহজেই বেরিয়ে যায়। এর পরে আবার কাপ বসানো হয়। পরে ওই অংশে ওষুধ লাগিয়েহাল্কা করে টেপ বা ব্যান্ডেজ করে দেওয়া হয়।

কারা করাতে পারেন এই থেরাপি মূলত খেলাধুলোর সঙ্গে যুক্ত বা ফিটনেসপ্রেমীরা



করিয়ে থাকেন। তবে দ্রুত ব্যথামুক্তির জন্য সকলেই করাতে পারেন এটি। রিউম্যাটিক, অ্যানিমিক রোগীরা, ত্বকের সমস্যা বা মাইগ্রেনে ভোগেন যারা, সকলেই উপকার পেতে পারেন এই থেরাপিতে। যারা দ্রুত ব্যথার উপশম চান, তাঁদের জন্য উপযুক্ত এই থেরাপি।

কী কী সাধারণত দরকার কাপিং সাধারণত নিরাপদ হলেও কয়েকটি জিনিস মাথায় রাখা দরকার। একটি বেসরকারি হাসপাতালের সঙ্গে যুক্ত ফিজিওথেরাপিস্ট অতনু হালদার বলেন, “কাপ দিয়ে ভ্যাকুয়াম তৈরির জেরে থেরাপির পরে ত্বকের উপরে গোল দাগ বেশ কিছু দিন থাকে। যারা এই থেরাপি করাতে যাবেন, তাঁদের এই বিষয়টি মাথায় রাখতে হবে। থেরাপিস্টের অভিজ্ঞতা সম্পর্কে নিশ্চিত হয়ে তবেই যাওয়া উচিত। কারণ, এর

চা পাতা ফেলে দেন? বহু সমস্যার সমাধান লুকিয়ে আছে এতে

বাঙালি বাড়িতে নিয়ম করে সকাল, বিকাল চায়ের আসর বসে। এক কাপ গরম চায়ে যেন লুকিয়ে থাকে শরীর এবং মনের চামড়া থাকার রহস্য। দিনে কয়েক কাপ চা খাওয়ার অভ্যাস অনেকেইই রয়েছে। কিন্তু চা করার পর কি চায়ের পাতা ফেলে দেন? সাধারণত অনেকেই তা করেন। চা পাতারও যে গুণ রয়েছে, তা অনেকেই জানেন না। চা পাতার রয়েছে বহুমুখী উপকারিতা।

তা জেনে নিলে চা পাতা ফেলে দেওয়ার আগে দু'বার ভাববেন। গাছের সার বাগানের শখ

রয়েছে? দোকান থেকে কিনে আনা সারের উপরেই কি কেবল ভরসা করলে চলবে? ফোটাচো চায়ের পাতাও কিন্তু হতে পারে দারুণ সার। চায়ের পাতা রোদে শুকিয়ে তার পর গাছের গোড়ায় সার হিসেবে ব্যবহার করুন।

কভিশনার হিসাবে শ্যাম্পু করার পর ঠিক মতো কভিশনিং না করলে চুল নিষ্শাণ হয়ে পড়ে। সব সময়ে দোকান থেকে কেনা কভিশনার না লাগিয়ে প্রাকৃতিক কভিশনার দিয়ে চুলের যত্ন নিতে পারেন। এই রকমই একটি প্রাকৃতিক কভিশনার হল চা পাতা।



ফোটাচো চায়ের পাতা সিদ্ধ করে নিন। শ্যাম্পু করার পর সেই জল দিয়ে ধুয়ে নিলে চুল মোলায়েম হয়ে উঠবে। জুতোর দুর্গন্ধ তাড়াতে খুঁত বদলের সময়ে

মাটি থেকে পা তুলতে পারেন না এমন সমস্যা কেন হয় জানেন?



বাড়িতে অনেক বয়স্ক মানুষই পা টেনে চলে। একটু খুঁজলেই আশপাশের এমন অনেক মানুষকেই দেখতে পাবেন, যারা পায়ের পাতা মাটি থেকে তুলতে পারেন না। টেনে টেনে চলতে হয়। সারা ক্ষণ মাটির সঙ্গে পা ঘষার আওয়াজও পাওয়া যায়। চিকিৎসা

বিজ্ঞানের পরিভাষায় এর নাম “ড্রপ ফুট”। অবশ্য একে কোনও রোগের পর্যায়ভুক্ত করা যায় না। তবে কোনও ব্যক্তির শারীরিক কাঠামো, পেশি বা স্নায়ুর সমস্যা থাকলে এমন লক্ষণ দেখা দিতে পারে। ১) ক্ষতিগ্রস্ত স্নায়ু: চিকিৎসকেরা বলছেন, ড্রপ ফুট হওয়ার প্রধান

কারণই হল পায়ের পেরোনিয়াল স্নায়ু ক্ষতিগ্রস্ত হওয়া। মাটি থেকে পায়ের পাতা তুলতে সাহায্য করে এই স্নায়ু। পায়ের কোনও ভাবে আঘাত লাগার ফলে বা স্ট্রোকের পর সাধারণত এই ধরনের সমস্যা দেখা যায়। ২) পেশির সমস্যা পেশির ডিস্ট্রোফি, পোলিও,

অ্যামিয়ারট্রফিক ল্যাটারাল স্কেলোসিস এবং পেরিফেরাল নিউরোপ্যাথির মতো রোগ পায়ের পেশি দুর্বল করে দেয়। ফলে ড্রপ ফুটের মতো সমস্যা হতে পারে। ৩) মেরুদণ্ডের সমস্যা চিকিত্সকেরা বলছেন, দেহের সমস্ত কর্মকাণ্ড নিয়ন্ত্রণ করে যে স্নায়ুগুলি, তা একেজো হয়ে যায় বড়সড় কোনও আঘাত লাগলে। মেরুদণ্ডে আঘাত লাগলেও এমন সমস্যা হতে পারে। কী ভাবে এই সমস্যা নিয়ন্ত্রণ করা যায়? ১) নিয়মিত শরীরচর্চা, ফিজিওথেরাপির মাধ্যমে দেহের সমস্ত স্নায়ু সচল রাখতে পারলে এই ধরনের সমস্যা এড়াতে পারেন। ২) স্নায়ুর উপর চাপ পড়ে, এমন কোমর ও ভঙ্গিতে বেশি ক্ষণ ধরে না বস। ৩) দুর্ঘটনা ঘটলে সে ক্ষেত্রে কারও কিছু করার থাকে না। তবে শরীরের ভারসাম্যের অভাবে যদি কেউ বার বার পড়ে যান। সে ক্ষেত্রে সমস্যা এড়াতে পারেন।

ক্যালশিয়ামের কমবেশি

প্রত্যেক দিনের খাদ্যাচিহ্নাদয় ক্যালশিয়ামের গুরুত্বের কথা কমবেশি সকলেই জানি আমরা। কিন্তু তার কতটা পূরণ হয় রোজ? যারা ক্যালশিয়াম সাপ্লিমেন্ট নেন, তা অন্য কোনও বিপদ ডেকে আনবে না তো? যারা দুধ কিংবা দুগ্ধজাত খাবার খেতে পারেন না, তাঁরাই বা কী ভাবে ক্যালশিয়ামের জোগান নিশ্চিত করবেন? এমনই সব প্রশ্নের সমাধান জেনে রাখা দরকার। খেতে হবে মাপসই দুগ্ধজাত খাবার, মাছ, সবুজ আনাজ, ফলের মধ্যে কমলালেবু, পিয়ার, বেরি, কিউয়িতে ক্যালশিয়াম পাওয়া যায় প্রচুর পরিমাণে। ক্যালশিয়ামসমৃদ্ধ খাবার নিয়মিত খেতে হবে। বিশেষ করে মহিলাদের ক্ষেত্রে এ কথা বেশি করে প্রয়োজ্য। তাঁরা অনেক সময়েই দুধ, দই, ছানা, ডিম ইত্যাদি সন্তানকে খাওয়ালেও নিজেরা খান না। বরং চর্নিশের আশপাশ থেকেই অস্টিয়োপোরোসিসের মতো চেনা সমস্যা দেখা যায় ঘরে ঘরে। গুরু হই ক্যালশিয়াম সাপ্লিমেন্ট নেওয়া। ডায়াটিসিয়ান সুবর্ণা রায়চৌধুরী



বলেন, ১৯ থেকে ৫০ বছর বয়সীদের ক্যালশিয়ামের প্রয়োজনীয়তা প্রত্যেক দিন কমবেশি ১০০০ মিলিগ্রাম। ৫১ থেকে ৭০ বছর বয়সি মহিলাদের এই প্রয়োজনীয়তা আবার ১২০০ মিলিগ্রাম। আড়াইশো মিলিগ্রামের দুধ, একটা ডিম, একশো-দেড়শো গ্রাম মাছ, একটু শাক-আনাজ আর একটা ক্যালশিয়াম সাপ্লিমেন্ট নিলেই এই চাহিদা রোজ মিটিয়ে ফেলা সম্ভব। এ বর প্রসঙ্গ হল, এই সাপ্লিমেন্ট নেওয়ার সময়ে আমরা খেয়াল করি কি যে, তাতে ক্যালশিয়ামের মাত্রা কতখানি? ট্যাবলেট যদি ৫০০ মিলিগ্রামের হয়, তা হলে খাবার সেই মতো বাল্যাদ

অনেকে পাউডার বেসড ভিটামিন-মিনারেল সাপ্লিমেন্টও খেতে থাকেন। দৈনিক ১০০০ মিলিগ্রামের চাহিদা কোনও ভাবে পূরণ হয়ে গেলেই আর সাপ্লিমেন্টের দরকার পড়ে না, এটা মাথায় রাখা জরুরি। একটানা কোনও সাপ্লিমেন্ট খাওয়াই উচিত নয়। মাসতিনেক খেয়ে একটু বিরতি দিয়ে আবার শুরু করতে পারেন। সেই সময়ে খাবারের মাধ্যমে দৈনিক চাহিদা যাতে পূরণ হয়, সে দিকেও খেয়াল রাখতে হবে। দুধ না খেলে ল্যাকটোজ ইনটোলারেন্স সারাসরি দুধ খেতে না পারলেও দই, ছানা, ডিম বা অন্য দুগ্ধজাত খাবারের মাধ্যমে ক্যালশিয়াম মিলতে পারেন। আবার দুগ্ধজাত কোনও খাবারই খেতে পারেন না যারা, তাঁরা যেহেতু নিন সয়া-বেসড খাবার। সয়া মিল্ক, টোফু ইত্যাদির মাধ্যমে ক্যালশিয়ামের চাহিদা পূরণ হতে পারে।

শুধু ক্যালশিয়াম কেন, সব ধরনের খাবারের ক্ষেত্রেই ব্যালান্স রেখে ডায়েট তৈরি করা উচিত। তা হলে শরীরও থাকবে ভাবনাহীন।

ত্বকের স্বাস্থ্য ভাল রাখতে গেলে নিয়ম মেনে পরিষ্কার করতে হবে মুখ

সাধের মধ্যে যত রকম প্রসাধনী রয়েছে, প্রায় সবই এক বার করে মেখে ফেলেছেন। সুন্দর, নিটোল, রংহীন, দাগ-ছোপহীন ত্বক পাওয়ার ইচ্ছে থাকে সকলেরই। কিন্তু ইচ্ছে থাকলেই তো আর তা পূরণ হয় না। নামীদামি প্রসাধনী মেখেও সমস্যা নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। বিশেষজ্ঞরা বলছেন, ত্বকের ধরন অনুযায়ী বিভিন্ন প্রসাধনী ব্যবহার করলেই যে ত্বকের স্বাস্থ্য ভাল থাকবে এমনটা নয়। সেই প্রসাধনীগুলি ত্বকে মাথার পর ঠিক মতো কাজ করতে পারছে কি না, তা দেখা জরুরি। সারা দিন বাইরে থেকে ঘুরে তেল, ধুলো-ময়লা জমে থাকা মুখে যতই নামীদামি প্রসাধনী মাখুন না কেন, তা কোনও উপকারেই

আসবে না। তাই ত্বকের স্বাস্থ্য ভাল রাখতে নিয়ম মেনে মুখ পরিষ্কার করতে হবে। ১) দিনে দু'বার ত্বকের স্বাস্থ্য ভাল রাখতে গেলে অসুত পক্ষে দিনে দু'বার মুখ পরিষ্কার করতেই হবে। অনেকেই মনে করেন, রাতে মুখ পরিষ্কার করেই যুগ্মোতে গিয়েছেন। তা হলে ঘুম থেকে উঠে আবার মুখ পরিষ্কার করার প্রয়োজন কোথায়? বিশেষজ্ঞরা বলছেন, রাতে ঘুমের মধ্যেও ত্বকের গ্রন্থি থেকে সেবাম উত্তম হয়। তার উপর কোনও প্রসাধনী মাখলে তা কোনও কাজ আসবে না। তাই মুখ পরিষ্কার করতেই হবে। ২) উষ্ণ গরম জল মুখ পরিষ্কার করতে ঠান্ডা বা গরম নয়, ঈষদুষ্ণ জল ব্যবহার করতে



যাবেন। যার ফলে ত্বক ক্ষতিগ্রস্ত হয়। ৪) মেকআপ তুলতে হবে বাড়ি ফিরে ক্লান্ত লাগলেও মুখে মেকআপ তুলতে হবে। মেকআপের এতটুকু অংশ যেন মুখে লেগে না থাকে। না হলে ত্বকের উন্মুক্ত রক্তগুলি বন্ধ হয়ে সেখানে ব্রণ দেখা দিতে পারে। ৫) ময়েশ্চারাইজার তবে মুখ পরিষ্কার করার পরে কিন্তু ময়েশ্চারাইজার মাথাতে ভুলবেন না। ফেসওয়াশ যতই মাইল্ড হোক, তা ত্বকের স্বাভাবিক তেলের পরিমাণ পরিষ্কার করার পরে কিছু স্বাভাবিক তেলের পরিমাণ কিছুটা হলেও কমিয়ে দেয়। ফলে আর্দ্রতার অভাব হতেই পারে। তাই মুখ ধোয়ার সঙ্গে সঙ্গেই মুখে ময়েশ্চারাইজার মেখে নেওয়া জরুরি।

একটানা বসে কোমরে ব্যথা হলে আরাম পাবেন সহজেই



একটানা দাঁড়িয়ে কিংবা বসে থেকে কোমরে ব্যথা হচ্ছে। আবার অনেকেই শরীর মুড়ে, পা বুকের কাছে রেখে যুগ্মোনার অভ্যাস। সকালবেলা ঘুম থেকে ওঠার পর ঠান্ডা অনেক সময় কোমরে ব্যথা অনুভব করেন। চিকিৎসকেরা বলছেন, বয়সজনিত কারণ ছাড়াও এমন নানা কারণে কোমরে ব্যথা হতে পারে। তবে ব্যথার ওষুধ বা ইঞ্জেকশন ছাড়াও জীবনধারায় কিছু পরিবর্তন আনলে এই ধরনের ব্যথা নিয়ন্ত্রণে রাখা যেতে পারে।

উপকার পাওয়া যাবে। ২) ঠান্ডা, গরম স্নেহ: চোট বা আঘাত লেগে যদি কোমরে ব্যথা হয়, সে ক্ষেত্রে বরফের ঠান্ডা স্নেহ দিয়ে থাকেন অনেকে। যা রক্ত জমাট বাঁধা, প্রদাহের মতো সমস্যায় আরাম দেয়। অন্য দিকে

গরম স্নেহ রক্ত চলাচল স্বাভাবিক রাখতে সাহায্য করে। ৩) মন ভাল রাখা: বিভিন্ন গবেষণায় দেখা গিয়েছে, শরীরের বিভিন্ন অঙ্গে ব্যথার সঙ্গে মানসিক চাপ বা অবসাদের যোগ রয়েছে। তাই সবার আগে মনের চাপ নিয়ন্ত্রণে রাখতে হবে। চিকিৎসকেরা জানাচ্ছেন, কোমরে ব্যথা নিয়ে আসা ১০ জনের মধ্যে ৬ জনের কোমরে ব্যথার কারণ হল অবসাদ। ৪) পর্যাপ্ত ঘুম: ঘুমের সঙ্গে শারীরবৃত্তীয় বিভিন্ন কার্যকলাপ জড়িয়ে থাকে। বিশেষজ্ঞরা বলছেন, ঘুম কম হলে কোমরের ব্যথা কিন্তু বেড়ে যেতে পারে। শরীরের বিভিন্ন

পেশি, স্নায়ু সারা দিন কাজ করার পর এই সময়েই শিথিল হয়ে পড়ে। পরের দিনের জন্য রসদ সংগ্রহ করে ঘুমের মধ্যেই। তাই সুস্থ থাকতে গেলে ৭ থেকে ৮ ঘণ্টা ঘুমোনা জরুরি। ৫) দেহের ভঙ্গি বদল: সারা দিন হাড়ভাঙা খাটনির পর বিছানায় পিঠ দেওয়া মাত্রই কী ভাবে শুয়ে আছেন, সে খেয়াল থাকে না অনেকে। বিশেষজ্ঞরা বলছেন, শোয়ার ভুলেও অনেক সময়ে কোমরের উপর চাপ পড়ে। তাই সঠিক ভাবে শোয়ার অভ্যাস করতে হবে। একই ভাবে টেবিল-চেয়ারে বসার সময়েও মেরুদণ্ড সোজা করে বসার চেষ্টা করতে হবে।

কোন খাবার বেশি খেলে ওজন বাড়বে না, উল্টে কম যাবে

শরীরের কাজকর্ম সৃষ্টি ভাবে চালানোর জন্য শক্তির প্রয়োজন হয়। সেই শক্তি আসে খাবার থেকে। শরীর চালানোর জন্য এই শক্তি বাবদ যতটা ক্যালোরির দরকার, খাবার যদি তার চেয়ে বেশি ক্যালোরি থাকে, তা হলেই শরীরের আনান্দ-কানাচে লক্ষণ হলেও হতে পারে। ১) নিয়মিত শরীরচর্চা: কোমরের যত্ন শুরু হলে সেই সময় নড়াচড়া করাই মুশকিল হয়। কিন্তু চিকিৎসকেরা বলছেন, একটু কষ্ট করে যদি সাধারণ কয়েকটি যোগাশন, স্ট্রেচ করা যায়, আরাম মিলবে। ব্যথা কমলে সঁাতার বা এরোবিক্সও করা যেতে পারে। তবে এক দিনেই ফল মিলবে এমনটা আশা করা যায় না। নিয়মিত করলে

উপকার পাওয়া যাবে। ২) ঠান্ডা, গরম স্নেহ: চোট বা আঘাত লেগে যদি কোমরে ব্যথা হয়, সে ক্ষেত্রে বরফের ঠান্ডা স্নেহ দিয়ে থাকেন অনেকে। যা রক্ত জমাট বাঁধা, প্রদাহের মতো সমস্যায় আরাম দেয়। অন্য দিকে

গরম স্নেহ রক্ত চলাচল স্বাভাবিক রাখতে সাহায্য করে। ৩) মন ভাল রাখা: বিভিন্ন গবেষণায় দেখা গিয়েছে, শরীরের বিভিন্ন অঙ্গে ব্যথার সঙ্গে মানসিক চাপ বা অবসাদের যোগ রয়েছে। তাই সবার আগে মনের চাপ নিয়ন্ত্রণে রাখতে হবে। চিকিৎসকেরা জানাচ্ছেন, কোমরে ব্যথা নিয়ে আসা ১০ জনের মধ্যে ৬ জনের কোমরে ব্যথার কারণ হল অবসাদ। ৪) পর্যাপ্ত ঘুম: ঘুমের সঙ্গে শারীরবৃত্তীয় বিভিন্ন কার্যকলাপ জড়িয়ে থাকে। বিশেষজ্ঞরা বলছেন, ঘুম কম হলে কোমরের ব্যথা কিন্তু বেড়ে যেতে পারে। শরীরের বিভিন্ন

পেশি, স্নায়ু সারা দিন কাজ করার পর এই সময়েই শিথিল হয়ে পড়ে। পরের দিনের জন্য রসদ সংগ্রহ করে ঘুমের মধ্যেই। তাই সুস্থ থাকতে গেলে ৭ থেকে ৮ ঘণ্টা ঘুমোনা জরুরি। ৫) দেহের ভঙ্গি বদল: সারা দিন হাড়ভাঙা খাটনির পর বিছানায় পিঠ দেওয়া মাত্রই কী ভাবে শুয়ে আছেন, সে খেয়াল থাকে না অনেকে। বিশেষজ্ঞরা বলছেন, শোয়ার ভুলেও অনেক সময়ে কোমরের উপর চাপ পড়ে। তাই সঠিক ভাবে শোয়ার অভ্যাস করতে হবে। একই ভাবে টেবিল-চেয়ারে বসার সময়েও মেরুদণ্ড সোজা করে বসার চেষ্টা করতে হবে।



রাজ্যপালের সঙ্গে জনজাতি শিল্প সমিতির প্রতিনিধিরা সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

বীরপাড়া চা বাগানে খাঁচাবন্দি পূর্ববয়স্ক চিতাবাঘ

বীরপাড়া, ১৬ মার্চ (হি.স.) : আলিপুৰদুয়ারের বীরপাড়া চা বাগানে প্রায়ই চিতাবাঘ দেখা যায়। কয়েকদিন আগে চিতাবাঘের আক্রমণে এক শিশুর মৃত্যু হয়েছে। চিতাবাঘ ধরতে গ্যারগাড়া নদীর তীরে খাঁচা পেতেছিল বন দপ্তর। শুক্রবার রাতে সেই খাঁচায় আটকা পড়ল একটি পূর্ববয়স্ক চিতাবাঘ। শনিবার সকালে চিতাবাঘটিকে উদ্ধার করে স্বাস্থ্য পরীক্ষার জন্য জলদাপাড়া নিয়ে যাওয়া হয়েছে বলে জানান জলপাইগুড়ি ডিভিশনের দলগাঁওয়ার রেঞ্জার ধনঞ্জয় রায়। তিনি জানান, বীরপাড়া চা বাগান ছাড়াও তুলসিপাড়া, রামঝোরা, রহিমপুর চা বাগানে চিতাবাঘ ধরা খাঁচা পাতে হয়েছে।

মুন্সই বিমানবন্দর থেকে ১.৭২ কোটি টাকার ৩ কেজি সোনা বাজেয়াপ্ত শুল্ক দফতরের

মুন্সই, ১৬ মার্চ (হি.স.) : শুল্ক দফতর মুন্সই বিমানবন্দর থেকে ১.৭২ কোটি টাকার ৩ কেজি সোনা বাজেয়াপ্ত করেছে। গত দুদিন ধরে অভিযান চালিয়ে শুল্ক দফতর সফলতা পেয়েছে। দুদিনে এবার তন্মাত্র চালিয়ে ১.৭২ কোটি টাকার ২.৯৯ কেজির বেশি সোনা বাজেয়াপ্ত করেছে শুল্ক দফতর। শরীরের বিভিন্ন অংশে লুকিয়ে এই সোনা নিয়ে পাচারের উদ্দেশ্যে যাচ্ছিল অভিযুক্তরা। শুল্ক দফতর সোনা লুকিয়ে পালানোর ঘটনাগুলি অত্যন্ত গুরুত্ব সহকারে তদন্ত শুরু করেছে। শুল্ক দফতর শনিবার সাংবাদিকদের এই তথ্য জানিয়েছে।

২১ মার্চ সরসজ্বালাক হিসেবে ১৫ বছর পূর্ণ হচ্ছে ভাগবতের, কার্যকালের মেয়াদে তিনিই তৃতীয় স্থানে

নাসিক, ১৬ মার্চ (হি.স.) : রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরসজ্বালাক ড. মোহন ভাগবত আগামী ২১ মার্চ তাঁর মেয়াদের ১৫ বছর পূর্ণ করছেন। উক্ত ভাগবত হলেন সংঘের ষষ্ঠ সরসজ্বালাক। দ্বিতীয় সরসজ্বালাক মাধব সদাশিব গোলাওয়ালকর উপাধ্যায় ৩৩ বছর ধরে এই পদে অধিষ্ঠিত ছিলেন এবং তৃতীয় সরসজ্বালাক বালাসাহেব দেওরাস ২১ বছর ধরে এই পদে অধিষ্ঠিত ছিলেন। প্রত্যেকের কার্যকালের দিকে তাকালে এটা স্পষ্ট যে গুরুজী এবং দেওরাসের পরে, উক্ত সরসজ্বালাক পদে অধিষ্ঠিত হবেন। ডঃ হেডগেওয়ার ১৯২৫ থেকে ১৯৩০ সাল পর্যন্ত টানা ৫ বছর এবং ১৯৩১ থেকে ১৯৪০ পর্যন্ত ৯ বছর অর্থাৎ মোট ১৪ বছর সরসজ্বালাক ছিলেন। সরকার্য বা স্বাধীনতা আন্দোলনে ছিলেন।

ভারত পাশে ছিল বলেই নির্বাচন নিয়ে কোনো দেশ অশুভ খেলার সাহস পায়নি : সেতুমন্ত্রী ওবায়দুল কাদের

মনির হোসেন, ঢাকা, মার্চ ১৬। ভারত বাংলাদেশের পাশে ছিল বলেই দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে অনা কোনো শক্তিশালী দেশ অশুভ খেলার সাহস পায়নি বলে মন্তব্য করেছেন বাংলাদেশ ওবায়দুল কাদের। তিনি বলেন, অন্য শক্তিশালী দেশগুলোর মতো ভারত আমাদের নির্বাচন নিয়ে দৌড়াই দৌড়াই করেনি। তারা বলেছে, বাংলাদেশের নির্বাচন বাংলাদেশের স্বাধীনতা হারানোর কারণে। ভারত পাশে ছিল বলে অনেক শক্তিশালী দেশও আমাদের নির্বাচন নিয়ে অশুভ খেলা খেলতে পারেনি।

তৈরি করেছে। যেগুলো দ্বিপাক্ষীয় শান্তিপূর্ণভাবে আলোচনা করে সমাধান করা যায় সেগুলোও তারা করেনি। শেখ হাসিনার সময় সীমান্তসহ নানা সমস্যা আলোচনা করে সমাধান করা হয়েছে। মৌলি আর হাসিনার সম্পর্কের অনেক সন্দেহের দেয়াল ভেঙে দিয়েছেন। তিন্ডা চুক্তিরও ইতিবাচক অগ্রগতি হয়েছে, ধর্ষণ ধরতে হবে সমাধান হবে। তিন্ডতর সৃষ্টি করে এইসব সমস্যা সমাধান সম্ভব নয়।

২০০১ সালে বিএনপি-জামায়তের সংহিংসতার কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, অন্য দল ক্ষমতায় আসলে হিন্দুদের মা-বোনোরা ইচ্ছাকৃত নিয়ে থাকতে পারে না। ২০০১ সালের পর মনে হয়েছিল ১৯৭১ সাল। সাম্প্রদায়িক দৃষ্টি থেকে তারা এসব করেছে। তারা ভেবেছিল হিন্দুরা আগুয়ামী লীগের ভোটার। তাই তাদের দেশছাড়া করার চেষ্টা করেছে। যাতে দিন এই সরকার আছে ততো দিন মাইনরিটি পাশে আছে, থাকবে। যারা স্বাধীনতা বিরোধী তাদের বিরুদ্ধে সোচ্চার হওয়া দরকার।

এর আগে সম্মেলনের উদ্বোধন করেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা। বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের সভাপতি জেএল ডোমিকের সভাপতিত্বে দ্বি-বার্ষিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডা. সামন্ত লাল সেন, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী কুজেন্দ্র লাল ত্রিপুরা, বাংলাদেশ

বর্তমান সরসজ্বালাক তার জীবদ্দশায় পূর্ববর্তী সরসজ্বালাকের নাম নিশ্চিত করেন। ডঃ হেডগেওয়ার যখন প্রথমবারের মতো সরসজ্বালাকের দায়িত্ব গ্রহণ করেছিলেন, তখন তিনি বলেছিলেন, 'যখন আমার চেয়ে বেশি সফর একজন স্বয়ংসেবক পাবেন, তখন তাকে সরসজ্বালাক বানানো।' আমি তাঁর নির্দেশ অনুযায়ী কাজ করব। ' 'বাল্যসাহেব দেওরাস ডঃ হেডগেওয়ারের এই পরামর্শ অনুসরণ করেছিলেন। স্বাস্থ্যগত কারণে, দেওরাস সরসজ্বালাকের দায়িত্ব হস্তান্তর করেন অধ্যাপক ড. রাজু ভাইয়া হুগুতে। বাল্যসাহেবের কর্মশৈলী পুনর্গঠন করে, অধ্যাপক ড. রাজু ভাইয়া কুপসি থেকে এই পদটি নিয়েছেন। সুদর্শনের হাতে তুলে দেন। যেখানে সুদর্শন '২১ মার্চ ২০০৯ তারিখে নাগপুরে অনুষ্ঠিত প্রতিনিধি পরিষদের সভায় ডঃ মোহন ভাগবতকে সরসজ্বালাক পদের জন্য নির্বাচিত করেছিলেন।

সংসর্গে প্রতিষ্ঠাতা ডঃ কেশব বলিরাম হেডগেওয়ার দু'বার সরসজ্বালাক পদে অধিষ্ঠিত ছিলেন। ডঃ হেডগেওয়ার ১৯২৫ থেকে ১৯৩০ সাল পর্যন্ত টানা ৫ বছর এবং ১৯৩১ থেকে ১৯৪০ পর্যন্ত ৯ বছর অর্থাৎ মোট ১৪ বছর সরসজ্বালাক ছিলেন। সরকার্য বা স্বাধীনতা আন্দোলনে ছিলেন।

কাজে কোনও খবরই ছিল না। তিনি আস্যর পর ক্লাসরুম ঘুরে দেখেন। স্বী ভাবে ছাত্রছাত্রীরা ক্লাস করছে এবং শিক্ষক-শিক্ষিকারা তাদের পড়াচ্ছেন তা তিনি খোঁজখবর নেন।

